কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
উদ্ভিদ সংরক্ষণ উইং
খামারবাড়ি, ঢাকা- ১২১৫
www.ppw.krishi.gov.bd

নম্বর: ১৭২৩ তারিখ: ১০/০৭/২০২৫

## বিজ্ঞপ্তি

**বিষয়: বালাইনাশকের মোড়ক/বোতল ভেঙ্গে খোলা অবস্থায় বিক্রয় নিষিদ্ধ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বালাইনাশক (কীটনাশক/আগাছানাশক/ছত্রাকনাশক ইত্যাদি) মাত্রই অত্যন্ত বিষাক্ত এবং এদের বিক্রয় ও ব্যবহারে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করা আবশ্যক। এসব রাসায়নিক মানবদেহ, গবাদিপশু ও পরিবেশের জন্য মারাত্মক ঝুঁকি সৃষ্টি করতে পারে, বিশেষ করে যদি সেগুলো মূল প্যাকেজিং ভেঙে বা খোলা অবস্থায় বিক্রি করা হয়। সম্প্রতি পরিদর্শনকালে বালাইনাশকের মোড়ক/বোতল ভেঙ্গে খোলা অবস্থায় বিক্রি করার কিছু দৃষ্টান্ত (বিশেষ করে গ্লাইফোসেট বা প্যারাকুয়াট) লক্ষ্য করা গেছে, যা জনস্বাস্থ্যের জন্য গুরুতর হুমকি।

২। সুতরাং, বালাইনাশকের মোড়ক/বোতল ভেঙে খোলা অবস্থায় কোনোভাবেই বিক্রয় করা যাবে না এবং খুচরা বিক্রেতাদের অবশ্যই বালাইনাশকের লেবেলিং, সতর্কতা ও ব্যবহার নির্দেশনা অনুসারে বিক্রয় নিশ্চিত করতে হবেন মর্মে নির্দেশ প্রদান করা হলো। নির্দেশ অমান্যকারী খুচরা বিক্রেতাদের লাইসেন্স বাতিল সহ আইন ও বিধি মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০/৭/২৫

মোঃ ছাইফুল আলম
পরিচালক
উদ্ভিদ সংরক্ষণ উইং
ফোন: +৮৮৯১৩১২৯৫
ইমেইল:dppw@dae.gov.bd

বিতরন (জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে):

১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২১৫।
২। অতিরিক্ত পরিচালক.................. (সকল অঞ্চল)
৩। উপপরিচালক (আইসিটি), পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২১৫। (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে (www.dae.gov.bd) প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
০৪। উপপরিচালক.................. (সকল জেলা)
০৫। উপজেলা কৃষি অফিসার............ (সকল উপজেলা)
০৬। সভাপতি, বাংলাদেশ ক্রপ প্রোটেকশন এসোসিয়েশন।
০৭। সভাপতি, বাংলাদেশ মসকুইটো কয়েল ম্যানুফ্যাকচারারস এসোসিয়েশন।
০৮। খুচরা বিক্রেতা/ ডিলার (সকল)
০৯। অফিস কপি।